

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৮৯৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তি তার সালাতে কী বলবে তার বর্ণনা

ذَكَرُ مَا يَقُولُ الْمَرْءُ فِي رُكُوعِهِ مِنْ صَلَاتِهِ

আরবী

1894 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ نُمَيْرٍ وَأَبُو مُعَاوِيَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ عَنِ الْمُسْتَوْرِدِ بْنِ أَحْنَفَ عَنْ صَلَةَ بْنِ زُفَرَ عَنْ حُذَيْفَةَ قَالَ: صَلَّيْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا رَكَعَ جَعَلَ يَقُولُ: (سُبْحَانَ رَبِّيَ الْعَظِيمِ) ثُمَّ سَجَدَ فَقَالَ: (سُبْحَانَ رَبِّيَ الْأَعْلَى)
الراوي : حُذَيْفَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات
الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1894 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))
(815)، ((صفة الصلاة))

বাংলা

১৮৯৪. হুযাইফা রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে সালাত আদায় করেছি। তিনি যখন রুকু করেন, তখন বলতে লাগলেন, سُبْحَانَ رَبِّيَ الْعَظِيمِ (আমি আমার মহান প্রভুর পবিত্রতা ঘোষণা করছি), তারপর তিনি সাজদা করেন এবং বলেন, سُبْحَانَ رَبِّيَ الْأَعْلَى (আমি আমার সমুন্নত প্রভুর পবিত্রতা ঘোষণা করছি)।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৮৪; সহীহ মুসলিম: ৭৭২; মুসনাদ আহমাদ: ৫/৩৮৪; নাসাঈ: ২/১৯০; সহীহ ইবনু খুযাইমাহ: ৬০৩; আবু আওয়ানা: ২/১৬৮; আত তায়ালিসী: ৪১৫; তিরমিযী: ২৬২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬২২; আবু দাউদ: ৮৭১; দারেমী: ১/২৯৯; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/২৩৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৮৭৫; সুনান বাইহাকী: ২/৮৫; দারাকুতনী: ১/৩৩৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৮১৫)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91110>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন